# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৬. যে গান শুনে আন্দোলিত না হয় সে মর্যাদাশালী নয়

এ বিষয়ে অন্য একটি জাল হাদীস প্রসিদ্ধ। এ হাদীসটির একটি সনদও আছে। সনদের মূল রাবী মিথ্যাবাদী জালিয়াত। এ হাদীসে বলা হয়েছে: রাসূলুল্লাহ (ﷺ)-এর কাছে একটি প্রেমের কবিতা পাঠ করা হয়। গানে বলা হয়: ‘প্রেমের সর্প আমার কলিজায় দংশন করেছে। এর কোনো চিকিৎসক নেই, ঔষধও নেই। শুধু আমার প্রিয়তম ছাড়া। সে আমার অসুস্থতা এবং সেই আমার ঔষধ।’ এ কবিতা শুনে তিনি উত্তেজিত উদ্বেলিত হয়ে নাচতে বা দুলতে থাকেন। এমনকি তাঁর চাদরটি গা থেকে পড়ে যায়। তাঁর সাথে সাহাবীগণও এভাবে নাচতে বা দুলতে থাকেন...। এরপর রাসূলুল্লাহ (ﷺ) বলেন:

لَيْسَ بِكَرِيْمٍ مَنْ لَمْ يَهْتَزَّ عِنْدَ السَّمَاعِ

“সামার (শ্রবণের) সময় যে আন্দোলিত হয় না সে মর্যাদাশালী নয়।”

মুহাদ্দিসগণ একমত যে, এ হাদীসটি জঘন্য মিথ্যা ও জাল কথা।[1]

## ফুটনোট

[1] ইবনু তাইমিয়া, আহাদীসুল কুস্সাস, পৃ. ৬০-৬১; যাহাবী, মীযানুল ই’তিদাল ৫/১৯৮; ইবনু হাজার, লিসানুল মীযান ৪/২৭০; ইবনু আর্রাক, তানযীহ ২/২৩৩; মোল্লা কারী, আল-আসরার, পৃ. ১৮৩; আল-মাসনূ, পৃ. ১১১; আজলূনী, কাশফুল খাফা ২/১৮৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4877

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন